

নৌপরিবহন মন্ত্রণালয় ২০১৮-২০১৯ অর্থবছরে ২১টি নতুন প্রকল্প বাস্তবায়ন করছে

ঢাকা, ২০ ডিসেম্বর;

নৌপরিবহন মন্ত্রণালয় ২০১৮-২০১৯ অর্থবছরে ২১টি নতুন প্রকল্প বাস্তবায়ন করছে। এজন্য ব্যয় হবে ১৭,৭৫৭ কোটি টাকা। প্রকল্পগুলোর মধ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) ৯টি, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ৬টি, মোংলা বন্দর কর্তৃপক্ষ ৩টি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি), বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ একটি করে প্রকল্প বাস্তবায়ন করছে।

আজ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে মন্ত্রণালয়ের জন্য ২০১৮-২০১৯ অর্থ বছরের অনুমোদিত ২১টি নতুন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় এসব তথ্য জানানো হয়।

নৌপরিবহন সচিব মোঃ আবদুস সামাদ বৈঠকে সভাপতিত্ব করেন।

সচিব প্রকল্পের অর্থ সতর্কতার সাথে ব্যয় ও কাজের গুণগতমান বজায় রেখে যথাযথভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।

এসময় অন্যান্যের মধ্যে বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান তপন কুমার চক্রবর্তী, বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান মোঃ মফিজুল হক, বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর এম মোজাম্মেল হক, পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কমডোর এম জাহাঙ্গীর আলম, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সদস্য (প্রশাসন) জাফর আলম এবং মোংলা বন্দর কর্তৃপক্ষের সদস্য (প্রকৌশল) আলতাফ হোসেন উপস্থিত ছিলেন।

  
(মোঃ জাহাঙ্গীর আলম খান)  
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা  
নৌপরিবহন মন্ত্রণালয়  
০১৭১১৪২৫৩৬৪  
[jahangirpro66@gmail.com](mailto:jahangirpro66@gmail.com)